24

দৈনিক
ইনকিলাব

তারিখ 11 DEC 1996
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গন

### এইচএসসি ফলাফল '৯৬

এ বছরই প্রথম দেশের ৪টি শিক্ষা বোর্ডের একই প্রশ্ন ও একই সময়সূচী মোতাবেক এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তড়িঘড়ি করে ফল প্রকাশিত হয়। এবারই বাংলাদেশকে এইচএসসি'র ফলাফলে সৃষ্টি করল এক নতুন রেকর্ড ও নতুন চমক। সাবেক সরকারের ব্যারিস্টার শিক্ষামন্ত্রী মহোদয় এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে আমদানী করল আজব ও অদ্ভুত এক যন্ত্র কম্পিউটার (অন্ধমেশিন) যার খেসারত দিতে হচ্ছে এদেশের অসংখ্য গরীব-দুঃখী মানুষের ছেলে-মেয়েদের। কম্পিউটার বিপর্যয় তথা আমাদের পরীক্ষা পদ্ধতির চরম ব্যর্থতা প্রশ্ন প্রণয়নকারী কর্তা ব্যক্তিদের পাণ্ডিত্য জাহির করার মূর্খতাই আমরা মনে করি, এই সকল অনাকাঙ্ক্ষিত রেজাল্টের জন্য অনেকখানি দায়ী। উন্নত দেশের পরীক্ষা পদ্ধতি এদেশে আমদানী করা হল। অথচ সে দেশে যে সকল বিষয় পরীক্ষার্থী পাস করল তার জন্য ২য় বার পরীক্ষার প্রয়োজন হয় না। (সেমিস্টার পদ্ধতি)। কিন্তু এদেশে হাজার মানের নম্বরের পরীক্ষায় কেবলমাত্র একটি বিষয় দুর্ভাগ্যবশতঃ খারাপ করলেই অকৃতকার্য বলে ঘোষিত হয়।

তাই আমার প্রস্তাব হল, রেজাল্ট প্রকাশের ৩ মাসের (৯০ দিন) মধ্যে অথবা পরবর্তী বছরে কেবলমাত্র অকৃতকার্য বিষয়টির পরীক্ষা গ্রহণ পূর্বক যথাযথ ডিভিশনসহ ফল প্রকাশ করা হোক। নতুবা এতগুলো পরীক্ষার্থীর মহামূল্যবান জীবন অনিশ্চিত হয়ে পড়বে। এ বিষয়টি যথাযথ কর্তৃপক্ষের ভেবে দেখার জন্য সুদৃষ্টি কামনা করছি।

—মোঃ সিকান্দর আলী
গ্রাম- কানুদাসকাঠী,
রাজাপুর, ঝালকাঠী।